



সম্পাদক  
**শাহাদত চৌধুরী**  
নির্বাহী সম্পাদক  
মোহসিনউল আদনান  
প্রধান প্রতিবেদক  
গোলাম মোর্তোজা  
প্রতিবেদক  
জয়ন্ত আচার্য  
সাইফুল হাসান, বদরুদ্দোজা বাবু  
সহযোগী প্রতিবেদক  
বদরুল আলম নাবিল  
আসাদুর রহমান, রুহুল তাপস  
প্রধান আলোকচিত্রী  
তুহিন হোসেন  
আলোকচিত্রী  
আনোয়ার মজুমদার  
নিয়মিত লেখক  
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী  
ফাহিম হুসাইন, হাসান মূর্তাজা  
নোমান মোহাম্মদ, জব্বার হোসেন  
চট্টগ্রাম প্রতিনিধি  
সুমি খান  
যশোর প্রতিনিধি  
মামুন রহমান  
সিলেট প্রতিনিধি  
নিজামুল হক বিপুল  
কানাড়া প্রতিনিধি  
জসিম মল্লিক  
হলিউড প্রতিনিধি  
মুনাওয়ার হুসাইন পিয়াল  
নিউইয়র্ক প্রতিনিধি  
আকবর হায়দার কিরণ  
ওয়াশিংটন প্রতিনিধি  
নাসিম আহমেদ  
যুক্তরাজ্য প্রতিনিধি  
শাহরিয়ার ইকবাল রাজ  
কম্পিউটার গ্রাফিক্স প্রধান  
নুরুল কবীর  
শিল্প নির্দেশক  
কনক আদিত্য  
প্রদায়ক আলোকচিত্রী  
এ এল অপূর্ব

জেনারেল ম্যানেজার  
শামসুল আলম

যোগাযোগ  
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০  
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩  
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯  
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪  
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত  
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০  
ই-মেইল : s2000@dbn-bd.net

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড  
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর  
পক্ষে মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত  
ও ট্রান্সক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও  
শিল্প এলাকা, ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

**বি**এনপি'র ওপর ভর করে জামায়াত ক্রমেই সারা দেশে শক্ত শিকড় গেড়ে বসছে। ক্রমেই যেন আফ্রিকান মাগুর মাছের মতোই জামায়াত বেড়ে উঠছে তার ধারালো খাবা দিয়ে। চারদলীয় জোট সরকারের জোটে ম্রিয়মাণ ইসলামিক এক্স জোট, মঞ্জুরের নেতৃত্বাধীন জাতীয় পার্টি। এখন চারদল কার্যত দুই দলে পরিণত হয়েছে। বিএনপি-জামায়াত। মাৎস্যন্যায়ের মতো জামায়াত এখন বিএনপিকে গিলে খেতে উদ্যত।

জামায়াত বিএনপি'র ওপর ভর করে শুধু সাংগঠনিকভাবে অগ্রসর হয়নি- অর্থনীতি, শিক্ষা, এনজিও, সংস্কৃতি প্রতিটি ক্ষেত্রে তার আধিপত্য বিস্তার করেছে। জামায়াতের তত্ত্বাবধানে পরিচালিত তিনটি ব্যাংক ফুলে ফেঁপে উঠছে। জামায়াত এখন ইসলামী বীমা নামে বীমা শিল্প দখলে আনতে চায়। বায়তুল মোকাররমের খতিবকে প্রধান করে তারা শরিয়া বোর্ড গঠন করেছে। মতিউর রহমান নিজামী কৃষিমন্ত্রী থাকার সময়, ব্লক সুপারভাইজার পদে অনিয়মের মাধ্যমে জামায়াতের লোকদের নিয়োগ দিয়ে কৃষিক্ষেত্রে জামায়াতিকরণ করেছে। প্রগতিশীল এনজিও সেক্টর দখলে তারা নীলনকশা করে অগ্রসর হচ্ছে। অপরদিকে নিজস্ব এনজিওগুলোকে তারা তৃণমূলে ছড়িয়ে দিচ্ছে। শিক্ষাঙ্গনে জামায়াতের ছাত্র সংগঠন একক নিয়ন্ত্রণ নিয়েছে। প্রশাসনে এখন তার নিরঙ্কুশ আধিপত্য। কার্যত বিএনপি'র ওপর ভর করে জামায়াত সবচেয়ে লাভবান হয়েছে। আগামী সংসদ নির্বাচনে বিএনপি'র কাছে জামায়াত সংসদের অর্ধেক সিট দাবি করলেও বিস্মিত হবার কিছু নেই।

মওদুদীদের চেতনায় উদ্ভাসিত জামায়াত। '৭১-এর মহান মুক্তিযুদ্ধের বিরোধিতা করে জনবিচ্ছিন্ন হয়ে পড়ে। রাজনৈতিকভাবে নিষিদ্ধ হয়। পরবর্তীকালে রাজনৈতিক ঘটনা প্রবাহে জামায়াত ক্রমেই হয়েছে শক্তিশালী। বিগত নির্বাচনে প্রথম বিএনপি'র হাত ধরে এ দেশের ক্ষমতায় আসে জামায়াত। ক্ষমতায় গিয়ে বিএনপি'র নেতাকর্মীরা দলকে গোছাতে নয়, আখের গোছাতে ব্যস্ত হয়ে পড়ে। ফাঁকা মাঠে জামায়াত নেমে পড়ে সংগঠন গোছাতে। সাংগঠনিকভাবে বিএনপি ক্রমেই দুর্বল হয়ে পড়ে। নির্ভরতা বাড়ে জামায়াতের ওপর।

বাড়ছে সম্ভ্রাস, দ্রব্যমূল্য। জামায়াতের কৌশলের কাছে নানা দিকে বিএনপি ব্যর্থ হচ্ছে। বিগত একক বিএনপি শাসনের লেশমাত্র এখন দেখা যায় না। ব্যর্থতার এ দায়ভার গিয়ে পড়ছে বিএনপি'র ওপর। জামায়াত দায়ভার নিতে রাজি নয়। পরোক্ষভাবে দায়ভার বিএনপি'র ওপর চাপিয়ে জামায়াত বিএনপিকে কোণঠাসা করে রেখেছে। তারা বিএনপিকে নিঃশেষ করতে উদ্যত।

জামায়াতের ভয়ঙ্কর মূর্তি এ দেশের মানুষ '৭১-এ দেখেছে। জামায়াতের ক্রমউত্থানে শঙ্কিত বিবেকবান মানুষ। বিএনপিকে জামায়াতের বিরুদ্ধে এখনই সতর্ক হতে হবে। আর ভুল নয়। প্রগতিশীল সকল দল, সংগঠনকে জামায়াতের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে হবে। সময় নষ্ট হলে বড়ই ক্ষতি হয়ে যাবে।

প্রচ্ছদের কার্টুন : মশিউর রহমান রানা

ঘরে বসেই পেতে পারেন সাপ্তাহিক ২০০০-এর প্রতিটি সংখ্যা

## গ্রাহক হবার নিয়ম

গ্রাহক হার (বার্ষিক ৮০০ টাকা অথবা ষান্মাসিক ৪৫০ টাকা) ব্যাংক ড্রাফটের মাধ্যমে 'সাপ্তাহিক ২০০০'-এর অনুকূলে যে কোনো ব্যাংক থেকে পাঠাতে পারেন। অথবা সাপ্তাহিক ২০০০-এর কার্যালয়ে নগদ পরিশোধ অথবা মানি অর্ডারের মাধ্যমে গ্রাহক হওয়া যেতে পারে। মানি অর্ডার অথবা ডিডি পাঠানোর ঠিকানা : সার্কুলেশন ম্যানেজার, সাপ্তাহিক ২০০০  
৯৬-৯৭ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।

চেক গৃহীত হয় না। যে কোনো জায়গা থেকে প্রিয়জনকেও উপহার হিসেবে আপনি গ্রাহক করে দিতে পারেন সাপ্তাহিক ২০০০-এর প্রতিটি আকর্ষণীয় সংখ্যার।

সাপ্তাহিক ২০০০ অফিসে ফোন (৯৩৪৯৪৫৯) করেও  
আপনি গ্রাহক হতে পারেন।